

الشُّكْرُ

আসসালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুহু

বিসমিল্লাহির রহমানির রহিম

আল্লাহর সুন্দরতম ৯৯ নাম 'আসমাউল হুসনার' ৩৬ তম নাম 'الشُّكْرُ' আজকের আলোচনার বিষয়।

আরবি ভাষায় 'الشُّكْرُ' শব্দের মূল ر - ك - ش , এই মূল শব্দ থেকে গঠিত শব্দসমূহ পবিত্র কোরআন মাজিদে ৭৫ বার এসেছে। কৃতজ্ঞ হওয়া, ধন্যবাদ দেয়া, ধন্যবাদ, একমাত্র কৃতজ্ঞতার প্রতিদানকারী অর্থে ব্যবহৃত হয়েছে। আল্লাহ الشُّكْرُ অর্থ: 'তিনি (ভালো) কাজের স্বীকৃতি ও মর্যাদা প্রদানকারী'।

মহান আল্লাহ পবিত্র কুরআনে ইরশাদ করেন:

وَمَنْ تَطَوَّعَ خَيْرًا فَإِنَّ اللَّهَ شَاكِرٌ عَلِيمٌ ﴿١٥٨﴾

আর যে কেউ স্বেচ্ছায় কল্যাণকর কাজ করবে, সে জেনে রাখুক, আল্লাহ অবশ্যই স্বেচ্ছা কল্যাণ কাজের স্বীকৃতি ও মর্যাদা প্রদানকারী, সর্ব জ্ঞানী। (সূরা আল বাকারা: আয়াত নং ১৫৮)

مَا يَفْعَلُ اللَّهُ بِعَذَابِكُمْ إِنْ شَكَرْتُمْ وَآمَنْتُمْ وَكَانَ اللَّهُ شَاكِرًا عَلِيمًا ﴿١٤٧﴾

তোমরা যদি শোকর আদায় করো এবং ঈমান রাখ, তাহলে তোমাদের শাস্তি দিয়ে আল্লাহর কি কাজ? আল্লাহ তো কৃতজ্ঞতার মর্যাদা দানকারী, সর্ব জ্ঞানী। (সূরা আন নিসা: আয়াত নং ১৪৭)

لِيُؤْفِقَهُمْ أَجْرَهُمْ وَيَزِيدَهُمْ مِّنْ فَضْلِهِ إِنَّهُ غَفُورٌ شَكُورٌ ﴿٣٠﴾

এবং আল্লাহ তাদের প্রচেষ্টায় পূর্ণ প্রতিদান দেবেন এবং নিজের অনুগ্রহ থেকে আরও অধিক দেবেন। নিশ্চয়ই তিনি ক্ষমাশীল, গুণগ্রাহী। (সূরা ফাতির: আয়াত নং ৩০)

وَمَنْ يَقْتَرِفْ حَسَنَةً نَّزِدْ لَهُ فِيهَا حُسْنًا إِنَّ اللَّهَ غَفُورٌ شَكُورٌ ﴿٢٣﴾

যে কল্যাণকর কাজ করে, আমি তাতে তার কল্যাণের মাত্রা বাড়িয়ে দিই। নিশ্চয়ই আল্লাহ পরম ক্ষমাশীল এবং ভালো কাজের মর্যাদা দানকারী। (সূরা আশ শুরা: আয়াত নং ২৩)

বুখারী, মুসলিম ও ইবনে মাজাহের হাদিস :

দুনিয়াতে কোন মু'মিন ব্যক্তি অন্য কোনো মু'মিন ব্যক্তির কোনো কষ্ট লাঘব করলে, আল্লাহ তার কোন কষ্ট পরকালে লাঘব করে দেবেন।

মুসলিম শরীফের হাদীস :

কোন ভালো কাজকে ক্ষুদ্র মনে করো না, এমনকি যদি তোমার কোন ভাইয়ের সাথে সহাস্য বদনে সাক্ষাৎ এর মত কাজও হয়।

মুসলিম শরীফের হাদীস :

যে কেউ তার কোন মুসলিম ভাইয়ের দোষ-ত্রুটি গোপন রাখবে, আল্লাহ তার দোষ-ত্রুটি দুনিয়া ও আখেরাতে গোপন রাখবেন। কোন ও মুসলিম অন্য মুসলিমকে সাহায্য করলে, আল্লাহ তাকে সাহায্য করতে থাকবেন যতক্ষণ সে তাকে সাহায্য করতে থাকবে।

আসুন, আমরা আল্লাহর অফুরন্ত নেয়ামতের শুকরিয়া আদায় করি। শোকরগুজার বান্দাদের আল্লাহ তা'আলা দুনিয়া ও আখেরাতে মর্যাদা দান করবেন।

সুতরাং আমরা শিরকমুক্ত জীবন যাপন করি, কারণ শিরকের গুনাহ আল্লাহ ক্ষমা করবেন না। আল্লাহ আমাদের সহায় হোন।

আমিন।

আসসালামুআলাইকুম ওয়াহমা তুল্লাহি ওয়াবাকাতুহ।